# নির্বাচনী হলফনামায় বিদেশি সম্পদের তথ্য বাধ্যতামূলক: দুদক চেয়ারম্যান




সংগৃহীত ছবি

নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের হলফনামায় দেশি সম্পদের মতো বিদেশি সম্পদের বিবরণও দিতে হবে—এ কথা জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ড. আবদুল মোমেন। রোববার (২৩ নভেম্বর) সিলেটে দুদকের বিভাগীয় কার্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

দুদক চেয়ারম্যান বলেন, বিদেশি সম্পদ গোপন রাখাকে অন্যায় হিসেবে বিবেচনা করা হবে। একই সঙ্গে যাদের অনিয়ম বা অনুপার্জিত সম্পদের প্রমাণ মিলবে, তাদের বিরুদ্ধেও আইনি পদক্ষেপ নেওয়া হবে।

তিনি আরও জানান, দুদকের কাজের ক্ষেত্রে এখনো কিছু সীমাবদ্ধতা রয়েছে। উদাহরণ হিসেবে তিনি বলেন, “২০০৮ সালে শেখ হাসিনার নামে ৫.২১ একর কৃষি জমি দেখানো হলেও তদন্তে ২৯ একর সম্পত্তির তথ্য পাওয়া যায়। সে সময় দুদক বিষয়টি শনাক্ত করলেও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সম্ভব হয়নি।”

LENS ASIA